গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর
স্থাপিত ঃ ১৯৭৩
☎ ঃ ০২৫৮৮৮৭১৩৫২, মোবাইল ঃ ০১৩০৯-১২৪২৩৭, EIIN- 124237, মাউশি কোড নং -০১৪৫
E-mail: rbmohillagovtcollege@gmail.com, Web: www.rbgwc.edu.bd

# বিজ্ঞপ্তি- ০৮/২০২৬

তারিখ ঃ ০৯/০২/২০২৬

এতদ্বারা অত্র কলেজের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত (বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখা) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় দরিদ্র ছাত্রীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থী নির্বাচনের জন্য আগামী ২২/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অনলাইন হতে আবেদন ফরম ডাউনলোড করে (www.rbgwc.edu.bd ওয়েবসাইট হতে) স্ব-হস্তে পূরণ করে নিম্নলিখিত কাগজপত্রসহ কলেজের আইসিটি বিভাগে জমা দেওয়ার জন্য বলা হলো। উপবৃত্তি সংক্রান্ত কোনো বিষয়ে জানার প্রয়োজন হলে জনাব মুহাম্মদ ইফতেকার হোসেন, সহকারী অধ্যাপক, গণিত বিভাগ (মোবাইল ঃ ০১৭১৫-৪৩১৪০৯) এর সাথে যোগাযোগ করার জন্য বলা হলো। অসম্পূর্ণ তথ্য ও অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

## নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদি আবেদনের সাথে জমা দিতে হবে ঃ

১। শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত উপবৃত্তির আবেদন ফরম;
২। শিক্ষার্থীর জন্ম সনদ এর ফটোকপি (অবশ্যই ১৭ সংখ্যার ডিজিটাল জন্মসনদ);
৩। শিক্ষার্থীর পিতা, মাতা ও অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার);
৪। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার);
৫। শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও মূল মার্কসিটের ফটোকপি;
৬। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং-এর **"নগদ"** একাউন্ট নম্বর। [বি.দ্র. যে ব্যক্তির জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম উঠানো সেই ব্যক্তির এনআইডি দিয়েই মোবাইল ব্যাংকিং **"নগদ"** একাউন্ট খুলতে হবে। কোন মতেই এক জনের জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে সিম উঠানো আর অন্য জনের জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে **"নগদ"** একাউন্ট খোলা যাবে না। প্রয়োজনে "নগদ" কাস্টমার কেয়ার/প্রধান ডাকঘর হতে **"নগদ"** একাউন্ট ভেরিফাইড করতে হবে।];
৭। একই **"নগদ"** একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;
৮। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে **"নগদ"** একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে **"নগদ"** একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক নির্বাচিত করলে তার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে **"নগদ"** একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তার নাম প্রদান করতে হবে।;
৯। সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

অধ্যক্ষ
রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর

অনুলিপি বিতরণ ঃ

১. উপাধ্যক্ষ, রাভসমক, নাটোর;
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, রাভসমক, নাটোর;
৩. আহ্বায়ক, উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি ২০২৫-২৬ শিক্ষাবর্ষ, রাভসমক, নাটোর;
৪. ছাত্রী নোটিশ বোর্ড, রাভসমক, নাটোর;
৫. অফিস নথি, রাভসমক, নাটোর।